# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**06 JANUARY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) 'এডভান্টেজ আসাম' সম্মেলনের দ্বিতীয় সংস্করণের পূর্বে আজ মুম্বাইতে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার রোড শো'তে অংশগ্রহণ/

(২) কেন্দ্রীয় মৎস্য মন্ত্রী রাজীব রঞ্জন সিঙের আজ গুয়াহাটিতে মৎস্য ক্ষেত্রের উন্নয়নের জন্যে ৫০ কোটি টাকা ব্যয়সাপেক্ষ বেশ কয়েকটি প্রকল্পের উদ্বোধন এবং ভিত্তিপ্রস্তর স্থাপন/

(৩) গুণোৎসব-২০২৫ এর প্রথম পর্যায়ে করিমগঞ্জ জেলা সহ রাজ্যের এগারোটি জেলার ১৬ হাজারেরও বেশি স্কুলে আজ স্বমূল্যায়ন অনুষ্ঠিত/

এবং

(৪) রাজ্যের কয়েকটি জেলার সঙ্গে বরাক উপত্যকার তিন জেলারও সংশোধিত চূড়ান্ত সচিত্র ভোটার তালিকা প্রকাশ/

---

আসামের মোট ঘরোয়া উৎপাদন ২০১৩-১৪ বর্ষের ২৯ বিলিয়ন ডলারের থেকে বেড়ে ২০২৩-২৪ বর্ষে ৬৮ দশমিক ৭-৮ বিলিয়ন ডলারের বেশি হয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ মুম্বাইতে আগামী মাসে অনুষ্ঠেয় 'এডভান্টেজ আসাম' শীর্ষক

দ্বিতীয় পর্যায়ের বিনিয়োগ ও পরিকাঠামো সংক্রান্ত সম্মেলনের জন্যে আয়োজিত একটি রোড শো'তে এই বিষয়ে প্রকাশ করেন। তিনি এর আগে সংবাদ মাধ্যম এবং বিভিন্ন শিল্প জগতের প্রতিনিধিদের সামনেও এই বিষয়ে প্রকাশ করেন । তিনি বলেন যে- এক সময়ের উগ্রপন্থী সমস্যা এবং অশান্তি জর্জরিত আসামে সাম্প্রতিককালে ইতিবাচক রূপান্তর পরিলক্ষিত হয়েছে । তিনি একইসঙ্গে 'এডভান্টেজ আসাম' শীর্ষক সম্মলনের বিষয়ে সবিশেষ তথ্য নিজের ভাষণে তুলে ধরেন । এর আগে গতকাল মুখ্যমন্ত্রী এই সম্মেলনের জন্যে টাটা গোষ্ঠীকে সহ দেশের বেশকয়েকটি প্রথমসারির শিল্পগোষ্ঠীর নেতৃবর্গের সঙ্গে সাক্ষাৎ করে তাদের এই সম্মেলনে আমন্ত্রণ জানিয়েছেন । ২০১৮ সালে রাজ্যে অনুষ্ঠিত প্রথম বিনিয়োগ সম্মেলনের অভূতপূর্ব সাফল্যের পরিপ্রেক্ষিতে আগামী ২৪ এবং ২৫শে ফেব্রুয়ারি রাজ্য সরকার 'এডভান্টেজ আসাম'এর দ্বিতীয় সংস্করণের আয়োজন করেছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ বেশকয়েকজন কেন্দ্রীয় মন্ত্রীর এই সম্মেলনে উপস্থিত থাকার কথা রয়েছে । এছাড়া এতে দেশ-বিদেশের বহু শিল্পপতির উপস্থিত থাকার কথা রয়েছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন । প্রধানমন্ত্রীর এই সফরকালে প্রায় এক লক্ষ কোটি টাকার প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করানোর জন্য রাজ্য সরকার বেশকয়েকটি প্রস্তাব কেন্দ্রীয় সরকারের অনুমোদনের জন্য পাঠিয়েছে । এরমধ্যে আট হাজার কোটি টাকা ব্যয়ে বঙাইগাঁও শোধনাগারের শোধন ক্ষমতা ৫০ লক্ষ মেট্রিকটন পর্যন্ত বৃদ্ধি করা, দশ হাজার কোটি টাকা ব্যয়সাপেক্ষ নামরূপ সার কারখানা সম্প্রসারণ, ব্রহ্মপুত্রের উপর নারেঙ্গি-কুরুয়া সংযোগকারী সেতু, গুয়াহাটি রিং রোড, গুয়াহাটি-ভূটান সংযোগী রেলপথ নির্মাণ সহ বেশকয়েকটি প্রকল্প গ্রহণ করা হয়েছে । এই প্রকল্প সমূহ কার্যকরী হওয়ার পর আসাম পরিকাঠামো ক্ষেত্রে অনেকখানি অগ্রসর হয়ে যাবে এবং বিনিয়োগের জন্য উপযুক্ত স্থান হিসেবে পরিগণিত হবে বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা আজ নতুনদিল্লির সংবিধান সভার কেন্দ্রীয় কক্ষে 'পঞ্চায়েতের থেকে সংসদ পর্যন্ত' শীর্ষক কার্যসূচীর দ্বিতীয় সংস্করণের সূচনা করেছেন । এই অনুষ্ঠানে কুড়িটি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের পঞ্চায়েতের কমপক্ষে পাঁচশো জন নির্বাচিত মহিলা অংশগ্রহণ করেন । বিশেষ করে পঞ্চায়েতে প্রতিনিধিত্ব করা তপশিলী উপজাতির মহিলাদের সবলীকরণের জন্য এই ব্যবস্থা নেওয়া হয়েছে । এই অনুষ্ঠানে অংশ গ্রহণ করে লোকসভার অধ্যক্ষ শ্রী বিড়লা পঞ্চায়েতীরাজ সংস্থা সমূহ গ্রামগুলির উন্নয়নের পাশাপাশি আত্মনির্ভর ভারত গড়ে তোলার লক্ষ্য বাস্তবায়িত করার জন্যে কাজ করে যাচ্ছে বলে মন্তব্য করেন ।

-----------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় মৎস্য মন্ত্রী রাজীব রঞ্জন সিং আজ গৌহাটীতে আয়োজিত এক বৈঠকে উত্তরপূর্বাঞ্চলের মৎস্য পালন ক্ষেত্রের উন্নয়নের জন্য ৫০ কোটি টাকা ব্যায়ে ৫০ টি প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাস করেন ।এই প্রকল্পের অধীনে উত্তরপূর্বাঞ্চলের মৎস্য ক্ষেত্রের পরিকাঠামো উন্নয়ন , উৎপাদন বৃদ্ধি এবং কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টির প্রয়াস করা হয়েছে ।এই ৫০ টি প্রকল্পের মধ্যে ১২ টি প্রকল্প আসামে রূপায়ন করা হবে ।এছাড়া মণিপুরে ৭ টি , নাগালেন্ড ও ত্রিপুরায় ৩ টি করে এবং সিকিমে ২৪ টি প্রকল্প রূপায়ন করা হবে ।

-----------------------------------------------------------------------------------------

চিনে হিউম্যান মেটানিউম ভাইরাস অর্থাৎ এইচ এম ভি'র প্রাদুর্ভাব নিয়ে উদ্বেগ সৃষ্টি হওয়ার পরিস্থিতিতে কর্ণাটকে এই রোগে আক্রান্ত দুজনকে সনাক্ত করা হয়েছে । কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের তথ্য অনুসারে ভারতীয় চিকিৎসা গবেষণা পরিষদের পরীক্ষায় এই দুজন আক্রান্ত রোগীর বিষয়ে নিশ্চিত করা হয়েছে । এর পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য মন্ত্রণালয় সব দিক সূক্ষ্মভাবে পর্যবেক্ষণ করছে । জানা গেছে যে- একটি তিন মাসের শিশুকন্যা এবং একটি আট মাসের শিশুপুত্রের দেহে এই রোগ ধরা পড়েছে । তবে দুটি শিশুই বর্তমানে সুস্থ হতে আরম্ভ করেছে । এবং এই দুটি শিশু তা তাদের বাবা-মায়ের বিদেশ ভ্রমণের কোনো তথ্য পাওয়া যায়নি । এক বিবৃতিযোগে মন্ত্রণালয় জানিয়েছে যে- ভারত ছাড়াও বিশ্বের অন্যান্য দেশে এই রোগের সংক্রমণ হয়েছে । এবং আক্রান্তদের শ্বাস-প্রশ্বাস জনিত সমস্যার সৃষ্টি হয়েছে । এই রোগের প্রাদুর্ভাবের প্রতি লক্ষ্য রেখে দেশের বিভিন্ন প্রান্তে মন্ত্রণালয়ের নির্দেশ অনুসারে চালানো পর্যবেক্ষণের সময়েই রি দুজন রোগী সনাক্ত হয়েছে । চিন দেশে এই রোগে আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পাওয়ার পরিপ্রেক্ষিতে বিশ্ব স্বাস্থ্য সংস্থাও পরিস্থিতির উপর তীক্ষ্ণ দৃষ্টি রেখে চলেছে ।

-----------------------------------------------------------------------------------------

রাজ্যের স্কুল সমুহের গুণগত শিক্ষার মান উন্নত করার পদক্ষেপ হিসেবে আজ চলতি বছরের গুণোৎসবের সূচনা করা হয়েছে ।এই কার্যসূচী আজ থেকে আগামী ৭ ফেব্রুয়ারী পর্যন্ত তিনটি পর্যায়ে অনুষ্ঠিত হবে ।প্রথম পর্যায়ে আজ রাজ্যের ১১ টি জেলার ১৬ হাজারেরও বেশী স্কুলকে অন্তর্ভুক্ত করা হয়েছে ।আজ প্রথম দিনের কার্যসূচীতে স্কুলগুলোতে স্বমূল্যায়ন এবং আগামীকাল থেকে ৯ জানুয়ারী পর্যন্ত বর্হিমূল্যায়ন করা হবে ।এবারের গুণোৎসবের প্রথম পর্যায়ে সরকারী প্রাদেশীকৃত আদর্শ বিদ্যালয় , চা বাগান আদর্শ বিদ্যালয় , কস্তুরবা গান্ধী বালিকা বিদ্যালয় , নেতাজী সুভাষ চন্দ্র বসু

আবাসিক বিদ্যালয় এবং চা বাগান কর্তৃপক্ষ দ্বারা পরিচালিত স্কুলগুলোকে অর্ন্তভুক্ত করা হয়েছে ।গুণোৎসবে প্রথম শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত মোট ১৪ লক্ষ ১১ হাজার ৮৭৮ জন শিক্ষার্থীর মূল্যায়ন করা হবে । এই কার্যসূচীতে ৬ হাজার ৩৬৫ জন মন্ত্রী , সাংসদ , বিধায়ক , কার্যনির্বাহক সদস্য ছাড়াও সরকারী আধিকারীকরা অংশগ্রহণ করবেন । শ্রীভূমি জেলায়ও আজ গুণোৎসবের প্রথম পর্যায়ে স্কুলগুলিতে স্বমূল্যায়ন অনুষ্ঠিত হয়েছে। আগামীকাল থেকে তিনদিন বর্হিমূল্যায়ন অনুষ্ঠিত হবে।

---------------------------------------------------------------------------------------

শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগুর আহ্বানে সাড়া দিয়ে আসাম কলেজ শিক্ষক সংস্থা আজ থেকে শুরু হওয়া গুণোৎসবে অংশগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে । আজ গৌহাটীর পল্টনবাজারে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সংস্থার সভাপতি জয়ন্ত বরা এবং সাধারণ সম্পাদক পরাগজ্যোতি মহন্ত এ কথা জানান । পদোন্নতির দাবী সহ অন্য কয়েকটি দাবীর বিষয় মিমাংসা না হওয়ায় কলেজ শিক্ষকরা গুণোৎসব বর্জন করার সিদ্ধান্ত গ্রহণ করেছিল । তবে শিক্ষামন্ত্রীর আহ্বানে তথা ছাত্রছাত্রী ও স্কুল শিক্ষকদের স্বার্থের প্রতি গুরুত্ব আরোপ করে কলেজ শিক্ষকরা একমাসের জন্য তাদের কার্যসূচী স্থগিত রেখেছে বলে তাঁরা জানান ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের বেশকয়েকটি জেলার সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সংশোধিত সচিত্র চূড়ান্ত ভোটার প্রকাশ করেছ ।

শ্রীভূমি জেলার চারটি বিধানসভা কেন্দ্রের ভোটার তালিকায় মোট ভোটারের সংখ্যা হচ্ছে ৯ লক্ষ ৫৩ হাজার নয়শ ৩৯ জন । এরমধ্যে চার লক্ষ ৮৩ হাজার ৫৭৮ জন পুরুষ এবং চার লক্ষ ৭০ হজার ৩৪৯ জন মহিলা ভোটার এবং ১২ জন তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন । এদিকে জেলার উত্তর শ্রীভূমি বিধানসভা আসনে মোট ভোটার দু লক্ষ ৬৮ হাজার ৯৫ জন । এরমধ্যে পুরুষ ভোটার এক লক্ষ ৩৪ হাজার ৩৫০ জন এবং এক লক্ষ ৩৩ হাজার ৭৪৪ জন এবং তৃতীয় লিঙ্গের এক জন ভোটার রয়েছেন । দক্ষিন শ্রীভূমি বিধানসভা আসনে মোট ভোটার দু লক্ষ ৮৪ হাজার ৬শ ৯২ জন , এরমধ্যে পুরুষ ভোটার এক লক্ষ ৪৫ হাজার ৮শ ৪৪ , মহিলা ভোটার এক লক্ষ ৩৮ হাজার ৮শ ৪৪ জন এবং তৃতীয় লিঙ্গের ৪ জন ভোটার রয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

এদিকে কাছাড় জেলার সাতটি বিধানসভা আসনের সচিত্র চূড়ান্ত ভোটার তালিকাও আজ প্রকাশ করা হয়েছে । চলতি বছরের পয়লা জানুয়ারীকে ভিত্তি করে বিশেষ

সংক্ষিপ্ত সংশোধিত ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে । প্রকাশিত ভোটার তালিকা জেলা নির্বাচন আধিকারিকের কার্য্যলয় এবং সব বিধানসভা কেন্দ্রের বি এল ও-দের কাছে পাওয়া যাচ্ছে ।

---------------------------------------------------------------------------------------

এদিকে হাইলাকান্দি জেলার দুটি বিধানসভা কেন্দ্রের চূড়ান্ত ভোটার তালিকা আজ প্রকাশ করা হয়েছে । চূড়ান্ত তালিকায় জেলায় মোট ভোটারের সংখ্যা হচ্ছে চার লক্ষ ৮৬ হাজার তিনশ ৩৩ জন । এরমধ্যে হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রের ভোটারের সংখ্যা হচ্ছে দু লক্ষ ১৭ হাজার ৭০২ জন এবং আলগাপুর -কাটলিছড়া বিধানসভা কেন্দ্রের ভোটার হচ্ছেন দু লক্ষ ৬৮ হাজার ৬শ ৩১ জন ।

চূড়ান্ত ভোটার তালিকার প্রতিলিপি জেলা নির্বাচনী আধিকারিকের কার্যালয় , হাইলাকান্দি ও আলগাপুর-কাটলিছড়া বিধানসভা কেন্দ্রের নির্বাচনী কার্য্যলয় এবং সংশ্লিষ্ট বি এল ও -দের কাছে পাওয়া যাবে ।

---------------------------------------------------------------------------------------

পাথারকান্দি বিধানসভা আসনে মোট ভোটার এক লক্ষ ৮২ হাজার ৫শ ১৫ জন । এরমধ্যে পুরুষ ৯২ হাজার ৪শ পাঁচ জন , মহিলা ভোটার ৯০ হাজার একশ ৬ জন এবং চারজন তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন । এছাড়া রামকৃষ্ণ নগর তপশিলি বিধানসভা আসনে মোট ভোটার দু লক্ষ ১৮ হাজার ৬৩৭ জন । এরমধ্যে পুরুষ এক লক্ষ ১০ হাজার ৯শ ৭৯ জন , মহিলা এক লক্ষ ৭ হাজার ৬৫৫ জন এবং তিন জন তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

শিলচর পূর্ত বিভাগের কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে শিলচর অম্বিকাপট্টি-হাসপাতাল রোড ট্রাই জংশন থেকে আশ্রম রোড সি আর এভিনিউ ট্রাই জংশন পর্য্যন্ত মূখ্যমন্ত্রী নগর পাকাপথ নির্মান প্রকল্পের অধীনে সড়কের দু দিকে আর সি সি কভার ড্রেন নির্মান করা হবে । এর পরিপ্রেক্ষিতে আজ রাত দশটা থেকে আগামীকাল সকাল ৬টা পর্য্যন্ত এই সড়ক দিয়ে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলার নেতাজী চর্চা সমিতির এক সভা আজ শিলচর পেনশনার্স ভবনে অনুষ্ঠিত হয়েছে । আসাম বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য অধ্যাপক তপোধীর ভট্ট াচার্যের পৌরহিত্যে আয়োজিত সভায় জানানো হয় যে আগামী ২৩শে জানুয়ারী নেতাজী জন্মজয়ন্তীতে শিলচরের শহীদ ক্ষুদিরাম বসুর মূর্তির পাদদেশ থেকে সকাল ৮টায়

ট্যাবলো সহযোগে একটি শোভাযাত্রা বের হয়ে শহর পরিক্রমা করে নেতাজী সুভাষ চন্দ্র বসুর প্রতিমূর্তিতে শ্রদ্ধা জানাবে । এছাড়া ২৩শে জানুয়ারী বিকেল পাঁচটায় এই উপলক্ষে শিলচর গোপালগঞ্জের হিউমিনিটি ফাউন্ডেশনের সভাকক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হবে । আলোচনার শীর্ষক হচ্ছে- ‘দ্বিতীয় মহাযুদ্ধের সময়ে বিশ্ব রাজনীতিতে নেতাজীর ভূমিকা’ । এই আলোচনা সভায় শিলচর সরকারী বালক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের প্রাক্তন অধ্যক্ষ দীপংকর চন্দ ,বিশিষ্ট সমাজকর্মী শিয়াব উদ্দিন আহমেদ , আসাম বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক ডক্টর মহম্মদ হবিবুল্লা মূখ্য বক্তা হিসেবে উপস্থিত থাকবেন ।

---

শ্রীভূমি জেলায় আগামী ২৬শে জানুয়ারী অনুষ্ঠেয় সাধারনতন্ত্র দিবসের কার্য্যসূচী নিয়ে আলোচনা করতে আগামী ৮ই জানুয়ারী যে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল ,তা গুনোৎসবের জন্য স্থগিত করা হয়েছে । এই সভা আগামী ১০ই জানুয়ারী অনুষ্ঠিত হবে বলে জানানো হয়েছে ।

---